

নিলাম বিজ্ঞপ্তি নং- ০১/২০২৩-২৪

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নানিয়ারচর উপজেলা পরিষদের নতুন উপজেলা কমপ্লেক্স ভবন নির্মাণের নির্ধারিত স্থানে স্থিত দভায়মান ১১ (এগার) টি গাছ নিলামে বিক্রয়ের নিমিত্তে প্রকৃত নিলাম গ্রহনকারী প্রতিষ্ঠান/ট্রেড লাইসেন্সধারী সাধারণ ব্যবসায়ী/ যেকোন বন বিভাগ হতে হালনাগাদকৃত কাঠের ডিপো লাইসেন্সধারী ব্যক্তি/ বৈধ সমিলের মালিক/ বৈধ ফার্নিচার মার্ট মালিক/ সামাজিক বনায়নে অংশগ্রহণ করা উপকার ভোগী সদস্যদের নিকট হতে নিম্নোক্ত শর্তাবলী মোতাবেক সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে ।

ক্রমিক নং	গাছের বিবরণ	প্রাক্কলিত মূল্য (টাকা)	জামানতের টাকা	নিলাম দরপত্র মূল্য (টাকা)	নিলামের গাছ কর্তন ও অপসারণের জন্য নির্ধারিত সময়
১	২	৩	৪	৫	৬
১।	নতুন উপজেলা কমপ্লেক্স ভবন নির্মাণের নির্ধারিত স্থানে স্থিত দভায়মান ১১ (এগার) টি গাছ কর্তন ।	৬১৩০০.০০	১৫,৩২৫.০০	২০০.০০	১৫ দিন
ক)	নিলাম দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	তারিখঃ ১১.১০.২০২৩ খ্রিঃ । সময়ঃ বিকাল - ৪.০০ টা পর্যন্ত ।			
খ)	নিলাম দরপত্র বিক্রয়ের স্থান ।	উপজেলা প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, নানিয়ারচর, রাঙ্গামাটি ।			
গ)	দরপত্র গ্রহনের শেষ তারিখ ও সময় ।	তারিখঃ ১২.১০.২০২৩ খ্রিঃ । সময়ঃ বেলা - ১২.০০টা পর্যন্ত ।			
ঘ)	দরপত্র গ্রহনের স্থান ।	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নানিয়ারচর, রাঙ্গামাটি দপ্তরে টেভার বাস্তবে জমা দেওয়া যাবে ।			
ঙ)	দরপত্র খোলার তারিখ,সময় ও স্থান ।	তারিখঃ ১২.০৯.২০২৩ খ্রিঃ । সময়ঃ বিকাল ৩.০০ টায় । উপজেলা পরিষদের হলরুমে নিলাম দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) নিলাম দরপত্র খোলা হবে ।			
চ)	নিলাম দরপত্রে সহিত দাখিলকৃত জামানতের টাকা “উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা নিলাম কমিটি, নানিয়ারচর, রাঙ্গামাটি” অনুকূলে যে কোন সিডিউল ব্যাংক হতে বিডি/ পে-অর্ডার আকারে জমা না দিলে দরপত্র বাতিল বলিয়া গণ্য হবে ।				

অতিরিক্ত শর্তাবলীঃ-

- ১। নিলামের দরপত্রের কার্যকরিতা (Validity) নিলাম দরপত্র দাখিলের পর হতে ৬০ (ষাট) দিন পর্যন্ত বহাল থাকবে ।
- ২। নিলামের গাছ সরেজমিনে পরিদর্শন পূর্বক নিলাম দরপত্র দাখিল করতে হবে । ব্যর্থতায় পরবর্তীতে কোন আপত্তি গ্রহন যোগ্য হবে না ।
- ৩। নিলাম দাতাকে সিডিউলের উদ্ধৃত মূল্যের নির্দিষ্ট স্থানে অংকে এবং কথায় দর উল্লেখ করতে হবে । উল্লেখিত দরের কোন প্রকার কাটাকাটি/ঘষাঘষি করলে অনুস্বাক্ষর থাকতে হবে এবং কথায় ও অংকে দর লেখার ক্ষেত্রে কথায় লেখাটি গ্রহনযোগ্য হবে ।
- ৪। ট্রেড লাইসেন্সধারী সাধারণ ব্যবসায়ী/ যেকোন বন বিভাগ হতে হালনাগাদকৃত কাঠের ডিপো লাইসেন্সধারী ব্যক্তি/ বৈধ সমিলের মালিক/ বৈধ ফার্নিচার মার্ট মালিক/ সামাজিক বনায়নে অংশগ্রহণ করা উপকার ভোগী সদস্য এ দরপত্রে অংশগ্রহণ করতে পারবে ।
- ৫। নিলাম সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময় নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে দেখা বা জানা যাবে ।
- ৬। নিলাম দরপত্রের সকল শর্ত পূরণকারী সর্বোচ্চ দরদাতা বিজয়ী হিসাবে গণ্য হবেন ।
- ৭। যে কোন বিষয়ে সংশ্লিষ্ট নিলাম কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।
- ৮। সর্বোচ্চ দাখিলকৃত দর গ্রহন করতে কর্তৃপক্ষ বাধ্যনহেন । সর্বোচ্চ দাখিলকৃত দর সন্তোষজনক না হলে পুনঃনিলাম আহ্বান করা হবে ।
- ৯। কৃতকার্য নিলাম দাতাকে পত্র প্রাপ্তির ৩ (তিন) দিনের মধ্যে বিধি মোতাবেক ১০% হারে ভ্যাট ও ৫% হারে আয়করের টাকাসহ (দাখিলকৃত মূল্য) সমুদয় টাকা জমা দিতে হবে । নির্ধারিত সময়ের মধ্যে টাকা জমা দিতে ব্যর্থ হলে নিলাম দরপত্র ও জামানত বাতিল বলে গণ্য হবে ।
- ১০। কার্যাদেশ প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে গাছ কর্তনের কাজ শুরু করতে হবে । গাছ অপসারণে পথচারী বা অন্য কোন ব্যক্তির সমস্যা তৈরী না হয় সেজন্য সর্বোচ্চ সতর্কতা ও নিরাপত্তা বেটনী তৈরী করতে হবে । বিলম্বের কারণে বা অন্য কোন কারণে কোন ক্ষতি/সমস্যার সৃষ্টি হলে তজ্জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না ।
- ১১। নির্ধারিত সময়ে মালামাল অপসারণে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিল বলে গণ্য হবে ।
- ১২। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল নিলাম দরপত্র গ্রহন/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন ।

(মো: আব্দুল মজিদ)

উপজেলা প্রকৌশলী (অ:দা)

ও


সদস্য সচিব

উপজেলা নিলাম কমিটি

নানিয়ারচর, রাঙ্গামাটি পার্বত্য জেলা ।

অনুলিপি সদয় অবগতি ও প্রচারের জন্য প্রেরণ করা হলো ।

- ১। জেলা প্রশাসক, রাঙ্গামাটি ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নানিয়ারচর, রাঙ্গামাটি ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, নানিয়ারচর, রাঙ্গামাটি ।
- ৪। ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, নানিয়ারচর, রাঙ্গামাটি ।
- ৬। অফিসার ইনচার্জ, নানিয়ারচর থানা, রাঙ্গামাটি ।
- ৭। উপজেলা বন কর্মকর্তা, নানিয়ারচর, রাঙ্গামাটি ।
- ৮। চেয়ারম্যান, ২নং নানিয়ারচর ইউনিয়ন পরিষদ, নানিয়ারচর, রাঙ্গামাটি ।
- ৯। সম্পাদক, দৈনিক রাঙ্গামাটি, চেম্বার অফ কমার্স, রাঙ্গামাটি তাহাকে নিলাম বিজ্ঞপ্তি টি আগামী ০১.১০.২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ভিতরের পাতায় ৩ (তিন) কলাম ৬ (ছয়) ইঞ্চি পরিসরে ১ (এক) দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো ।



(মো: আব্দুল মজিদ)

উপজেলা প্রকৌশলী (অ:দা)

ও

সদস্য সচিব

উপজেলা নিলাম কমিটি

নানিয়ারচর, রাঙ্গামাটি ।